# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ২১৮

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

قَرَأْتُ عَلَى يَحْيَى بْنِ سَعِيدٍ: زُهَيْرٍ، قَالَ: حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ، عَنْ حَارِثَةَ بْنِ مُضَرِّبٍ: أَنَّهُ حَجَّ مَعَ عُمَرَ بْنِ الْخَطَّابِ، فَأَتَاهُ أَشْرَافُ أَهْلِ الشَّامِ، فَقَالُوا: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، إِنَّا أَصَبْنَا رَقِيقًا وَدَوَابَّ، فَخُذْ مِنْ أَمْوَالِنَا صَدَقَةً تُطَهِّرُنَا بِهَا، وَتَكُونُ لَنَا زَكَاةً، فَقَالَ: هَذَا شَيْءٌ لَمْ يَفْعَلْهُ اللَّذَانِ كَانَا مِنْ قَبْلِي، وَلَكِنِ انْتَظِرُوا حَتَّى أَسْأَلَ الْمُسْلِمِينَ

حديث صحيح، زهير: هو ابن معاوية، روى عن أبي إسحاق عمرو بن عبد الله السبيعي بعد ما تغيَّر، لكنه تُوبع. وقد تقدم برقم (82)

বাংলা

২১৮। হারেসা ইবনে মুযরিব জানান। তিনি উমার (রাঃ) এর সাথে হজ্জ করলেন। তখন সিরিয়ার সম্ভ্রান্ত লোকেরা তার কাছে এসে বললো, হে আমীরুল মু’মিনীন, আমরা বহু সংখ্যক দাসদাসী ও জীবজন্তু পেয়েছি। কাজেই আমাদের মাল থেকে সাদাকা গ্রহণ করুন, যা আমাদেরকে পবিত্র করবে এবং আমাদের যাকাত হিসেবে গণ্য হবে। উমার (রাঃ) বললেনঃ এটা এমন একটা ব্যাপার, যা আমার পূর্ববর্তী দু’জন [রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবু বাকর (রাঃ)] করেননি। তবে তোমরা অপেক্ষা কর। আমি মুসলিমদেরকে জিজ্ঞাসা করে নিই।

[হাদীস নং-৮২ দ্রষ্টব্য]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন